



37650 - হাঁপানির জন্য ইনহলোর ব্যবহার করলে রোযা ভঙ্গ হবে না

---

প্রশ্ন

যে ব্যক্তি শ্বাসকষ্টে ভুগে রমযানের দিনে বেলায় মুখে ইনহলোর ন্যোত্রে কিতার রোযা ভঙ্গ হবে

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

রমযানের দিনে বেলায় হাঁপানির ইনহলোর নলি রোযা ভঙ্গ হবে না।

(হাঁপানির ইনহলোর রোযা ভঙ্গ করবে না। কনেনা সটে সংকুচতি গ্যাস যা ফুসফুসে চলে যায়; খাদ্য নয়। রোগীর এটা সব সময় প্রয়োজন; রমযানে ও অন্য সময়ে। [বনি বাযরে ফাতাওয়াদ দাওয়াহ; সংখ্যা- ৯৭৯] এবং দেখুন: "রোযার সত্‌তরটি মাসয়ালা" শীর্ষক পুস্তক।

শাইখ উছাইমীন (রহঃ) বলেন: "এই ইনহলোর বাষ্প দেয়; এটি পাকস্থলিতে পৌঁছে না। তাই আমরা বলব: রোযা অবস্থায় আপনি এই ইনহলোর ব্যবহার করতে কোন অসুবিধা নাই। এর দ্বারা আপনার রোযা ভঙ্গ হবে না।"[সমাপ্ত][ফাতাওয়া আরকানুল ইসলাম, পৃষ্ঠা-৪৭৫]

স্থায়ী কমটির আলমেগণ বলেন:

"হাঁপানির ঔষধ যা রোগী শ্বাসনালী দিয়ে টেনে নিঃশ্বাসের সাথে ফুসফুসে নিয়ে যান; পাকস্থলিতে নয়; এটি পানাহার নয় এবং পানাহারের সাথে সাদৃশ্যপূর্ণও নয়...তাই অগ্রগণ্য মনে হচ্ছে এ ঔষধ ব্যবহার করলে রোযা ভঙ্গ হবে না।[সমাপ্ত]

[ফাতাওয়া ইসলামিয়া (১/১৩০)]

আল্লাহই সর্বজ্ঞ।